অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 7/29/2020 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুওমো ঘোষণা করেছেন যে DMV-এর লাইসেন্সপ্রাপ্ত ড্রাইভিং স্কুলগুলো এখন থেকে ডিসট্যান্স লার্নিং প্রি-লাইসেন্সিং কোর্সগুলো পরিচালনা করতে পারবে

NYS DMV ড্রাইভিং স্কুলগুলিকে নির্দেশ জারি করেছে যাতে তারা প্রতিষ্ঠিত এবং নিরাপদ প্রযুক্তি যেমন- জুম, ওয়েবএক্স, গো টু মিটিং এবং স্কাইপ ব্যবহার করে প্রি-লাইসেন্সিং কোর্সগুলো পরিচালনা করতে পারে

COVID-19-এর প্রভাবে জনস্বাস্থ্য সংকট অব্যাহত থাকায় সামাজিক দূরত্বের গাইডলাইন মেনে চলার কারণে ডিসট্যান্স লার্নিং কোর্সগুলো ড্রাইভার প্রশিক্ষণের চাহিদা পূরণ করবে

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ ঘোষণা করেছেন যে ডিপার্টমেন্ট অব মটর ভেহিকলস (Department of Motor Vehicles, DMV)-এর লাইসেন্সপ্রাপ্ত ড্রাইভিং স্কুলগুলো এখন থেকে ডিসট্যান্স লার্নিং প্রি-লাইসেন্সিং কোর্সগুলো পরিচালনা করতে পারবে। COVID-19-এর প্রভাবে জনস্বাস্থ্য সংকটের কারণে, স্টেটজুড়ে থাকা ড্রাইভিং স্কুলগুলো প্রি-লাইসেন্সিং কোর্সগুলো পরিচালনা করতে পারছে না - যা প্রশিক্ষণার্থীদের নিকট পাঁচ-ঘন্টার কোর্স নামেও পরিচিত। সামাজিক দূরত্ব সংক্রান্ত নির্দেশিকা মেনে ড্রাইভার প্রশিক্ষণের চাহিদা পূরণের জন্য, স্টেট ডিপার্টমেন্ট অব মোটর ভেহিকলস তাদের প্রতিষ্ঠিত এবং নিরাপদ প্রযুক্তি যেমন- জুম (Zoom), ওয়েবএক্স (WebEx), গো টু মিটিং (Go To Meeting) এবং স্কাইপ (Skype) ব্যবহার করে প্রি-লাইসেন্সিং কোর্স পরিচালনা করার জন্য নির্দেশিকা জারি করেছে।

"যেহেতু আমরা একটি নতুন স্বাভাবিক প্রক্রিয়া অব্যাহত রাখছি তাই আমরা কীভাবে ড্রাইভিং লাইসেন্স পাওয়ার প্রক্রিয়াসহ নির্দিষ্ট যেসব সেবা আমরা পরিচালনা করি সেসব বিষয়ে আমাদের নমনীয় হওয়া জরুরি," **গভর্নর কুওমো বলেন।** "কীভাবে নিরাপদে গাড়ি চালানো যায় সে বিষয়ে অবগত হতে নিউ ইয়র্কবাসীদের জন্য প্রি-লাইসেন্সিং কোর্সটি অত্যন্ত গুরুত্বপূর্ণ এবং ড্রাইভিং স্কুলগুলোকে দূর থেকে এই কোর্স শেখানোর অনুমতি দিলে অংশগ্রহণকারীদের স্বাস্থ্য এবং নিরাপত্তার ঝুঁকি না নিয়ে কোর্সগুলো পুনরায় শুরু করা যাবে।"

DMV-এর লাইসেন্সপ্রাপ্ত যেকোনো ড্রাইভিং স্কুল যা বর্তমানে প্রি-লাইসেন্সিং শেখানোর জন্য অনুমোদিত এবং ডিসট্যান্স লার্নিং প্রযুক্তির মাধ্যমে কোর্স পরিচালনা করার সিদ্ধান্ত নিয়েছে তারা নিম্নলিখিত শর্ত মেনে অবিলম্বে তা করতে পারে:

1. ডিসট্যান্স লার্নিং প্রক্রিয়াটি বাস্তবায়নের আগে স্কুলগুলোকে DMV-এর কাছ থেকে অনুমোদন নিতে হবে না কিন্তু কোর্স প্রদান এবং এক বা একাধিক যোগ্যতাসম্পন্ন প্রশিক্ষক নিয়োগের জন্য তাদের অবশ্যই একটি বৈধ প্রি-লাইসেন্সিং অনুমোদন থাকতে হবে।
2. কোর্সগুলো ভিডিও সেশনের মাধ্যমে স্কুলের প্রি-লাইসেন্সিং থাকা যোগ্য প্রশিক্ষক কর্তৃক রিয়েল টাইমে সরাসরি দেখাতে হবে। স্কুলের টেলিকনফারেন্সিং প্রক্রিয়ার মাধ্যমে অবশ্যই প্রশিক্ষক এবং প্রশিক্ষণার্থীদের মধ্যে যোগাযোগ বজায় রাখতে হবে, ঠিক যেমনটি তারা স্বাভাবিক ক্লাসরুমে মুখোমুখি করে থাকে আর এটি হবে ভার্চুয়াল পরিবেশে। একজন যোগ্য প্রশিক্ষক ছাড়া কোর্স প্রদান করার জন্য সফটওয়্যার বা কম্পিউটার প্রোগ্রাম অনুমোদিত নয়।
3. প্রশিক্ষণার্থীদের অবশ্যই প্রি-রেজিস্টার করতে হবে এবং তাদের লার্নার পারমিট উপস্থাপন করতে হবে যাতে স্কুলটি প্রশিক্ষণার্থীটিকে চিহ্নিত করতে পারে, নিশ্চিত করতে পারে যে প্রশিক্ষণার্থীটি কোর্সটি করতে পারবে এবং পারমিটে তালিকাভুক্ত প্রশিক্ষণার্থীর তথ্য রেকর্ড করতে পারবে। ড্রাইভিং স্কুলগুলিকে অবশ্যই স্টেটের স্বাস্থ্য বিভাগ (Department of Health) এবং স্থানীয় বিধিনিষেধসহ প্রযোজ্য সকল সামাজিক নির্দেশিকা মেনে চলতে হবে এবং নিউ ইয়র্ক ফরোয়ার্ডের প্রয়োজনীয় যেকোনো অপারেটিং বিধিনিষেধ মেনে চলতে হবে, যদি স্কুলের ব্যবসায়িক স্থানে সরাসরি গিয়ে প্রাক-নিবন্ধন সম্পন্ন করা হয়।
4. ভর্তির সময়, স্কুলকে অবশ্যই কোর্সে অংশগ্রহণ এবং সমাপ্তির প্রয়োজনীয়তা ব্যাখ্যা করার জন্য নির্দেশনা প্রদান করতে হবে, যার মধ্যে যেকোনো প্রযুক্তির প্রয়োজনীয়তা ও প্রশিক্ষণার্থীদের অবশ্যই সচেতন হওয়ার মতো বিষয়টি উল্লেখ থাকবে।
5. DMV অনুমোদিত প্রি-লাইসেন্সিং কোর্স কারিকুলাম এবং বিষয়বস্তু অবশ্যই MV-278 কোর্স সমাপ্তির সার্টিফিকেট ইস্যু করার আগে বিতরণ করতে হবে। ড্রাইভিং স্কুলগুলিকে অবশ্যই নিশ্চিত করতে হবে যে কোর্স সম্পন্ন সার্টিফিকেট শুধুমাত্র সেই সমস্ত প্রশিক্ষণার্থীদের জন্য ইস্যু করা হয়েছে যারা কোর্সটি সম্পন্ন করেছে, সেইসাথে তারা যোগ্য এবং ভর্তির সময় ও কোর্সজুড়েই ড্রাইভিং স্কুল দ্বারা চিহ্নিত করা হয়েছে। কোর্স সম্পন্ন হওয়ার পর, প্রশিক্ষক-স্বাক্ষরিত সার্টিফিকেটটি ক্লায়েন্ট পারমিটের ঠিকানায় মেইল করা হবে যাতে প্রশিক্ষণার্থীটিকে DMV-এর রোড টেস্ট অ্যাপয়েন্টমেন্টের সময়সূচি নির্ধারণ করার আগে এটিতে স্বাক্ষর করতে হবে।
6. ডিসট্যান্স লার্নিং কোর্সগুলো ক্লাসরুম অনুমোদনের প্রয়োজনীয়তার আওতাধীন হবে না কিন্তু প্রশিক্ষক যে স্থান থেকে উপস্থাপন করছেন তা অবশ্যই যথাযথ, মনোযোগ নষ্ট না করে এবং শেখার অনুকূল হতে হবে।

7. স্কুলকে অবশ্যই নিয়ম অনুযায়ী রেকর্ড বজায় রাখতে হবে এবং ডিসট্যান্স লার্নিংয়ের ক্ষেত্রে অবশ্যই কোর্স প্রদান পদ্ধতি এবং প্রশিক্ষক নিয়োগের ব্যবস্থাপনা করতে হবে এবং রেকর্ড করতে হবে।
8. স্কুল এবং এর প্রশিক্ষকগণ ডিসট্যান্স লার্নিং প্রক্রিয়া ব্যবহার করে প্রশিক্ষণার্থীদের নিরাপত্তা এবং গোপনীয়তা এবং উপর্যুক্ত তালিকাভুক্ত প্যারামিটারের মধ্যে কোর্সের অখণ্ডতা সংরক্ষণ এবং ড্রাইভিং স্কুল, ড্রাইভিং স্কুল প্রশিক্ষক এবং প্রি-লাইসেন্সিং কোর্স পরিচালনার সমস্ত আইন, বিধি এবং নীতি অনুযায়ী দায়বদ্ধ।
9. এই বিজ্ঞপ্তিতে তালিকাভুক্ত আইন, প্রবিধান বা নীতির লঙ্ঘন হলে ড্রাইভিং স্কুলের লাইসেন্স এবং প্রশিক্ষকের সার্টিফিকেট স্থগিত বা বাতিল করা হবে।

প্রশ্ন বা উদ্বেগ DriverTrainingProgram@dmv.ny.gov ঠিকানায় DMV ড্রাইভিং স্কুল ইউনিটে অথবা **(518) 473-7174,** অপশন #3 নম্বরে পাঠানো যাবে।

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন